দৈনিক সংবাদ

তারিখ 27 FEB 1998
পৃষ্ঠা ২ কলাম ৩

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষা মে মাসে ফরম দেয়া হবে মার্চেই

॥ কৈলাস সরকার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮–৯৯ শিক্ষাবর্ষের অনার্স (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা মে মাসের প্রথম সপ্তাহে। ভর্তি আবেদন ফরম বিতরণ ও গ্রহণ শুরু হবে মার্চ মাসের ৩য় সপ্তাহে। পরীক্ষা পদ্ধতি গতবারের মতোই এমসিকিউ পদ্ধতিতেই হবে, তবে খাতা দেখা হবে বরাবরের চেয়ে ভিন্ন পদ্ধতিতে। কম্পিউটারের দ্বারা বা ওএমআর (অপটিক্যাল মার্ক রিডিং) পদ্ধতিতে। ফরমের মূল্য ১৫০ টাকার স্থলে ২০০ টাকা করা হবে। খবর নির্ভরযোগ্য সূত্রের।

সূত্রমতে, বুয়েট ও মেডিক্যালের ভর্তি পরীক্ষাশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা নেয়া হবে।

এ ব্যাপারে উপাচার্য অধ্যাপক এ. কে. আজাদ চৌধুরীর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, যাতে সেশন জটের সৃষ্টি না হতে পারে এজন্য অবশ্যই জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকেই প্রথমবর্ষের ক্লাস শুরু করা হবে। ভর্তি পরীক্ষা এপ্রিলের শেষের দিকে অথবা মে মাসের প্রথম সপ্তাহে শুরু করার চিন্তাভাবনা রয়েছে।

উপাচার্য জানান, বরাবরের তুলনায় এ বছর ভিন্ন পদ্ধতিতে খাতা দেখার চিন্তাভাবনা রয়েছে। এর ফলে খাতা দেখতে যেমন সময় এবং খরচ কম পড়বে, অপরদিকে নিরীক্ষণও হবে নির্ভুল।

ওএমআর পদ্ধতিতে খাতা দেখার ব্যাপারটি মেনে নিতে পারেননি অনেক শিক্ষক। কারণ হিসেবে জানা গেছে, ইতোপূর্বে খাতা দেখা বাবদ তারা যে সম্মানীটা পেতেন এ পদ্ধতি অনুসরণ করা হলে তারা তা থেকে বঞ্চিত হচ্ছেন।

সূত্র জানায়, ফরমের মূল্য গত বছর ১৫০ টাকা থাকলেও এ বছর ২০০ টাকা করার একটি প্রস্তাব ইতোমধ্যে দেয়া হয়েছে। এ ব্যাপারে সিদ্ধান্ত হবে বলেও সূত্র জানিয়েছে।

পরীক্ষার ন্যূনতম যোগ্যতা গত বছরের মতোই থাকবে। অর্থাৎ বিজ্ঞান অনুষদ বা 'ক' ইউনিট থেকে যারা পরীক্ষায় অংশ নেবে তাদেরকে ১৩০০ নম্বর পেতে হবে এসএসসি ও এইচএসসিতে। একইভাবে 'খ' ইউনিটের জন্য ১৫০০, 'গ' ইউনিটের জন্য ১১০০ এবং 'ঘ' ইউনিটের জন্য ১৩০০ নম্বর বাধ্যতামূলক ধার্য করা হয়েছে।

আসনসংখ্যাও প্রায় গতবছরের সমান থাকবে। অর্থাৎ সব মিলিয়ে প্রায় ৪ হাজার ৪শ'টি আসন থাকবে।